

নীলাজ চক্রবর্তী

কুলিং টাওয়ার ডিজাইন ম্যানুয়াল

ওখানে একজন শীতকাল দেখি। মিড শট। আলোমাত্রেরই ত্রুটিক সংখ্যা তখন। খুঁড়ে খুঁড়ে পাওয়া এই নীলচে অভ্যাস আসলে কারোরই ছিলোনা। এভাবে যেকোনো ভাষাই একেকটা ইশতেহার। লো অ্যাপেল থেকে ধ'রে রাখা একেকটা সিদ্ধান্ত। যে তলোয়ারের দুদিকেই ধার, তার পাশে গুঁজে রাখা কয়েকটুকরো সময়। ফেনার ভেতর দিয়ে ধ্বনিসমূহের যাতায়াত। এর কিছু পরে ধারণা আসে আর ভুল ক'রে বশবর্তী হয় আমাদের। মূল খুঁজতে খুঁজতে ঘন হয়ে একেকটা দিন আসে। নতুন প্রোজেক্টের কুলিং টাওয়ারের স্পেসিফিকেশন আসে। একটা সিরিজ ভাবে থাকি যা মৌলিক সংখ্যার ঘনমূল বরাবর চলে যায়। ওষুধের গায়ে আবার নতুন সব তারিখ এসে পড়ে। স্মৃতির পিঠে বেঁচে যাওয়া স্মৃতি এসে পড়ে। এভাবে পরস্পরকে ফলো করতে করতে আমরা দেখে আসি কীভাবে গাছের গায়ে আরেকটা গাছ গজাচ্ছে...

১.২৬

The cooling tower shell shall be hyperbolic paraboloid. The shell of the cooling tower shall be supported by a set of diagonal columns, which shall be supported by foundation.

যা লেখা হয়ে যাচ্ছে

আর ফেরাতে পারবো না

ঘটমানতায়

এই লিপি ও তাঁদের ব্যবহারবৃত্তান্ত

ফ্যাকাশে ফ্ল্যাশব্যাকের ভেতর

আমার ভুলে যাওয়া চশমা

অন্য কেউ চোখে চোখে রাখলো

মন্তোচ্চারণের দিনে

আরও একটু হালকা হয়ে এলো পুরনো পাথরেরা

১.৪৪

Please note that the member properties used in the STAAD-Pro model of the RCC structure may vary with the sections provided at design part. Sections found after design to be considered as final and to be used in preparation of drawings.

এইসব ইন্টারেক্টিভ নিবিষ্টতায়
টিনের বাক্সের ভেতর আমার দিন
ভালবাসে হাইপারবোলিক কার্ভ
দ্যাখে
যোনি ভেবে মাউথ অর্গ্যান নিয়ে শুয়ে আছে কেউ

১.৭১

The shell shall also be designed for one sided solar radiation effect. Nevertheless an effective temperature difference of at least 25^o C across the shell thickness constant over the height and follow a sine functions along half the circumference shall be considered.

হরফপ্রণালীতে স্পষ্ট ক'রে কিছুই লেখা ছিলনা
এতদিনে তবু আমরা জেনে গেছি
রান্না ও কবিতায়
কিছুমিছু সূর্যালোক মিশে যাওয়া ভালো
আমি থেকে ভ্যানোপ্রসাদ পর্যন্ত
একটাই তো সরলরেখা টানতে গিয়ে
বেঁকেচুরে যাচ্ছে দেখলাম
ভৌগোলিক সাম্যাবস্থার ভেতর ব'সে থাকা
একটা-দুটো ছুটন্ত কম্যুনিকেশন
লম্বা লম্বা আঙুলগুলো
তবুও ফিরে আসতে থাকে
ফটোসেশন থেকে
কুরিয়ার অফিস থেকে
একটা মাংসাশী ছায়া হয়ে

১.৯১

The scope of this work shall consist of, but not limited to, the design and construction of reinforced concrete double curvature hyperbolic shell, raker columns, ring beams, foundations etc. all complete as per functional requirements and as per directions of Owner.

অস্থিষ্ট মৌলিক ভাবনার জন্য
আমি তখন কার দুয়ারে
সাবধানে
গণহত্যার বিজ্ঞাপন বাঁচিয়ে
মিঠে ছোঁয়াচ বাঁচিয়ে
পুরনো বন্দর জুড়ে উড়তে থাকা সংখ্যায়
ঘন একটা মূল আর
ষিঃক প্রত্যয়ান্ত শব্দগুলো

২.২২

The cooling tower shall be designed for continuous operation throughout the year. The guaranteed performance (cold water temperature) shall be achieved at all wind velocities as specified.

হাওয়ার গতিবেগ বদলাতে শুরু করলে
মানুষে-মানুষে সম্পর্ক আর আগের মতো থাকে না
স্পেস দুমড়ে
প্রথম ও দ্বিতীয় মোড শেপ
আপেল বরাবর ঘুরে
ফিরে আসার কবিতায়
অফিস ট্যুরের ভেতর
বড়জোর গোঁফ বদল ক'রে নেওয়ার কথা ভেবেছিল
তুচ্ছ এসব দিনের একলাইন ভেতরে
এগুলো অপেক্ষা হয়েছে
ক্যামেরা বসার সময়

এভাবে আরও একটু ঢালু হয়ে আসে দিন
আরও একটু কাঁচের হরফ, পিনকোড, ছিঁড়ে যাওয়া জল
ফুলে ওঠে

২.৩৫

*The minimum clear distance between two NDCT's shall be 0.5 times the base diameter
as per BS 4485.*

একটা কবিতার থেকে আরেকটা কবিতার দূরত্ব
সফলভাবে বোঝাবার জন্য
এক শব্দের ভেতর
অর্ধেক আঙুল রাখছি
আঙুলভর্তি নীরবতা রাখছি
পুনর্সন্দেহের বশে
চোখে সরু হয়ে আসছে
কুচকাওয়াজের সকাল
শুধু টুপিটা
অনেকক্ষণ পরেও জলের ওপর ভাসতে থাকে...



প্রিয়পাঠ ২০১৭

জীবন ও রাজনৈতিক বাস্তবতা/ শহীদুল জহির; মুখের দিকে দেখি / শহীদুল জহির; সে রাতে পূর্ণিমা ছিল / শহীদুল জহির;
যদ্যপি আমার গুরু/ আহমদ ছফা; খেলনা নগর/ নবারুণ ভট্টাচার্য; লালসালু/ সৈয়দ ওয়ালীউল্লাহ